

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, অক্টোবর ১৯, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ০৪ কার্তিক ১৪২১/১৯ অক্টোবর ২০১৪

নং ০৪.০০.০০০০.৪২১.৮৪.০৪৩.১৩.৩২৩—বাংলাদেশ জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী তিন বছর মেয়াদে কমনওয়েলথ পার্লামেন্টারি অ্যাসোসিয়েশনের চেয়ারপার্সন নির্বাচিত হয়েছেন। গত ০৯ অক্টোবর ২০১৪ তারিখে ক্যামেরুনের রাজধানী ইয়াউনদে-তে আয়োজিত অ্যাসোসিয়েশন-এর ৬০তম অধিবেশনে এ নির্বাচন অনুষ্ঠিত হয়। কমনওয়েলথভুক্ত ৫৩টি দেশ থেকে আগত প্রতিনিধিগণ চেয়ারপার্সন নির্বাচনে ভোটাধিকার প্রয়োগ করেন। ড. শিরীন শারমিন চৌধুরীর মনোনয়নপত্রে প্রস্তাবক হিসাবে প্রধানমন্ত্রী শেখ হাসিনা স্বয়ং স্বাক্ষর করেন। সমর্থক হিসাবে মনোনয়নপত্রে স্বাক্ষর করেন ভারতীয় লোকসভার স্পিকার সুমিত্রা মহাজন ও সিঙ্গাপুরের স্পিকার হালিমা ইয়াকুব। এ নির্বাচন আন্তর্জাতিক অঙ্গনে বাংলাদেশের উজ্জ্বল ভাবমূর্তি এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতি বিশ্ব-সম্প্রদায়ের গভীর আস্থা ও শ্রদ্ধাবোধের প্রতিফলন। গণতন্ত্রের ধারাবাহিকতা এবং অব্যাহত আর্থ-সামাজিক উন্নয়নের মাধ্যমে আন্তর্জাতিক ফোরামে প্রতিষ্ঠিত বাংলাদেশের ব্যাপক পরিচিতি ড. শিরীন শারমিন চৌধুরীর সিপিএ'র চেয়ারপার্সন নির্বাচনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে।

২। ১৯৭৩ সালে সিপিএ'র সদস্যপদ প্রাপ্তির পর প্রথমবারের মত এ সংগঠনের চেয়ারপার্সন পদে প্রতিদ্বন্দ্বিতার মাধ্যমে বাংলাদেশের একজন প্রার্থীর নির্বাচন জাতির জন্য একটি বিরল অর্জন। বাংলাদেশ সরকারের পররাষ্ট্র মন্ত্রণালয় ও বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়ের অক্লান্ত প্রচেষ্টা এবং বন্ধুপ্রতিম দেশসমূহের সরকার ও সংসদ-সদস্যগণের আন্তরিক সমর্থন ও সহযোগিতা এ নির্বাচনের পথকে সুগম করেছে।

(১৯০৭৯)

মূল্য : টাকা ৪.০০

৩। বাংলাদেশ জাতীয় সংসদের স্পিকার কমনওয়েলথ পার্লামেন্টারি অ্যাসোসিয়েশন-এর চেয়ারপার্সন পদে নির্বাচিত হওয়ায় আন্তর্জাতিক ক্ষেত্রে বাংলাদেশের সম্মানজনক অবস্থান আরও সমৃদ্ধ ও সুসংহত হয়েছে। এই অর্জনের মাধ্যমে বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর হওয়ায় বাংলাদেশ জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জ্ঞাপন করে মন্ত্রিসভার ১৩ অক্টোবর ২০১৪/২৮ আশ্বিন ১৪২১ তারিখের বৈঠকে একটি প্রস্তাব গ্রহণ করা হয়েছে।

৪। ড. শিরীন শারমিন চৌধুরীকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জ্ঞাপন করে মন্ত্রিসভার ১৩ অক্টোবর ২০১৪/২৮ আশ্বিন ১৪২১ তারিখের বৈঠকে গৃহীত প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা যাচ্ছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ মোশাররাফ হোসাইন ভূইঞা
মন্ত্রিপরিষদ সচিব

মন্ত্রিসভার অভিনন্দন প্রস্তাব

২৮ আশ্বিন ১৪২১
ঢাকা : ১৩ অক্টোবর ২০১৪

বাংলাদেশ জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী তিন বছর মেয়াদে কমনওয়েলথ পার্লামেন্টারি অ্যাসোসিয়েশনের চেয়ারপার্সন নির্বাচিত হয়েছেন। গত ০৯ অক্টোবর ২০১৪ তারিখে ক্যামেরুনের রাজধানী ইয়াউনদে-তে আয়োজিত অ্যাসোসিয়েশন-এর ৬০তম অধিবেশনে এ নির্বাচন অনুষ্ঠিত হয়। কমনওয়েলথভুক্ত ৫৩টি দেশ থেকে আগত প্রতিনিধিগণ চেয়ারপার্সন নির্বাচনে ভোটাধিকার প্রয়োগ করেন। ড. শিরীন শারমিন চৌধুরীর মনোনয়নপত্রে প্রস্তাবক হিসাবে প্রধানমন্ত্রী শেখ হাসিনা স্বয়ং স্বাক্ষর করেন। সমর্থক হিসাবে মনোনয়নপত্রে স্বাক্ষর করেন ভারতীয় লোকসভার স্পিকার সুমিত্রা মহাজন ও সিঙ্গাপুরের স্পিকার হালিমা ইয়াকুব। এ নির্বাচন আন্তর্জাতিক অঙ্গনে বাংলাদেশের উজ্জ্বল ভাবমূর্তি এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতি বিশ্ব-সম্প্রদায়ের গভীর আস্থা ও শ্রদ্ধাবোধের প্রতিফলন। গণতন্ত্রের ধারাবাহিকতা এবং অব্যাহত আর্থ-সামাজিক উন্নয়নের মাধ্যমে আন্তর্জাতিক ফোরামে প্রতিষ্ঠিত বাংলাদেশের ব্যাপক পরিচিতি ড. শিরীন শারমিন চৌধুরীর সিপিএ'র চেয়ারপার্সন নির্বাচনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে।

১৯৭৩ সালে সিপিএ'র সদস্যপদ প্রাপ্তির পর প্রথমবারের মত এ সংগঠনের চেয়ারপার্সন পদে প্রতিদ্বন্দ্বিতার মাধ্যমে বাংলাদেশের একজন প্রার্থীর নির্বাচন জাতির জন্য একটি বিরল অর্জন।

বাংলাদেশ সরকারের পররাষ্ট্র মন্ত্রণালয় ও বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়ের অক্লান্ত প্রচেষ্টা এবং বন্ধুপ্রতিম দেশসমূহের সরকার ও সংসদ-সদস্যগণের আন্তরিক সমর্থন ও সহযোগিতা এ নির্বাচনের পথকে সুগম করেছে।

বাংলাদেশ জাতীয় সংসদের স্পিকার কমনওয়েলথ পার্লামেন্টারি অ্যাসোসিয়েশন-এর চেয়ারপার্সন পদে নির্বাচিত হওয়ায় আন্তর্জাতিক ক্ষেত্রে বাংলাদেশের সম্মানজনক অবস্থান আরও সমৃদ্ধ ও সুসংহত হয়েছে। এই অর্জনের মাধ্যমে বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর হওয়ায় মন্ত্রিসভা বাংলাদেশ জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জ্ঞাপন করেছে।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd